সংবাদ

তারিখ · 14 · JUN · 2016
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৩ ...

# টাঙ্গাইল বিটেকে ভর্তি পরীক্ষা ১৮ জুন

জেলা বার্তা পরিবেশক, টাঙ্গাইল

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত টাঙ্গাইলের বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে (বিটেক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের (বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) ভর্তি পরীক্ষা আগামী ১৮ জুন অনুষ্ঠিত হবে। এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিটেক প্রশাসন। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ১৪ জুন পর্যন্ত আবেদন করতে পারবেন। মোট ১০০ আসনের জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় ৫টি, উপজাতি কোটায় ১টি এবং হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় ১টিসহ মোট ৭টি আসন সংরক্ষিত থাকবে। ক্যাম্পাসের অফিস কক্ষ থেকে আবেদনকারীরা ৯০০ টাকা জমাদানপূর্বক ভর্তি ফরম সংগ্রহ করতে পারবেন। এছাড়া বিটেকের নিজস্ব ওয়েবসাইট থেকেও ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে। ভর্তি পরীক্ষা ১৮ জুন সকাল সাড়ে ১০টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ফল প্রকাশ করা হবে ২১ জুন এবং ২২ থেকে ২৫ জুন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলবে।